মুজিব বর্ষে জাতির পিতার প্রতি
বিনম্র শ্রদ্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(স্থানীয় সরকার শাখা)
(www.faridpur.gov.bd)

স্মারক নং: ০৫.১২.২৯০০.০১০.০৭.০০১.২১- ২৯

তারিখ ঃ ০২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

২০২১-২০২২ অর্থ বছরে ফরিদপুর জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাহকারী ঠিকাদারের নিকট হতে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনকৃত) এর নিয়মানুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | বিবরণ | বিস্তারিত তথ্য | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | |
| ০২. | এজেন্সি | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | |
| ০৩. | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। | |
| ০৪. | দরপত্রের বিবরণ | গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ। | |
| ০৫. | পোষাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ | | সংখ্যা |
| | ১। ফুলশার্ট (নীল রংয়ের) মহল্লাদারগণের সোল্ডার ব্যাচ পারপেল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে এবং দফাদারের সোল্ডার ব্যাচ পারপেল কালার, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে। (প্রতি শার্টের জন্য ২টি)। | | ৭৪৪ পিস |
| | ২।হাফশার্ট (নীল রংয়ের) মহল্লাদারগণের সোল্ডার ব্যাচ পারপেল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে এবং দফাদারের সোল্ডার ব্যাচ পারপেল কালার, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে। (প্রতি শার্টের জন্য ২টি)। | | ৭৪৪ পিস |
| | ৩। ফুলপ্যান্ট খাকী রংয়ের (প্রতি জনের ২টি হিসেবে) | | ৭৪৪x২=১৪৮৮ পিস |
| | ৪। জর্জেট শাড়ী (প্রতি জন ২ টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়) | | ৩১x২=৬২ পিস |
| | ৫। পেটিকোট (প্রতি জন ২টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়) | | ৩১x২=৬২ পিস |
| | ৬। ফুল হাতা ব্লাউজ (প্রতি জন ২টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়) | | ৩১x২=৬২ পিস |
| | ৭। নাইলন বেল্ট | | ৭৭৫ পিস |
| | ৮। উন্নতমানের কাপড়ের জুতা (মোজাসহ) (পুরুষ ৭৪৪ ও মহিলা ৩১) | | ৭৭৫ জোড়া |
| | ৯। নেমপ্লেট | | ৭৭৫ পিস |
| | ১০। শীতের জন্য জ্যাকেট | | ৭৪৪ পিস |
| | ১১। শীতের জন্য কার্ডিগান | | ৩১ পিস |
| | ১২। উন্নতমানের একটি ৪.৫০ ভোল্ট চার্জার টর্চ লাইট | | ৭৭৫ পিস |
| | ১৩। উন্নতমানের ছাতা (গ্রামপুলিশ মনোগ্রামসহ) | | ৭৭৫ পিস |
| | ১৪। লায়নার বাঁশি | | ৭৭৫ পিস |
| | ১৫। বেতের লাঠি | | ৭৭৫ পিস |
| | ১৬। রেইন কোট | | ৭৭৫ পিস |
| | ১৭। খাতা-কলম, অফিসের কাগজপত্র, জামা কাপড় বহন করার জন্য সাইড ব্যাগ | | ৭৭৫ পিস |
| ০৬. | দরপত্র সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) | |
| ০৭. | দরপত্র দাতার যোগ্যতা | প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান। | |
| ০৮. | কাজের মেয়াদ | কার্যাদেশ প্রাপ্তির পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিন। | |
| ০৯. | দরপত্র সিডিউলের মূল্য | ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরত যোগ্য)। | |
| ১০. | জামানত | দরপত্রের সাথে জামানত হিসাবে তফসিলি ব্যাংক হতে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার (ফেরত যোগ্য) ডিডি জেলা প্রশাসক, ফরিদপুর এর অনুকূলে দাখিল করতে হবে। | |
| ১১. | দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিলযোগ্য কাগজপত্র/নমুনা | ১। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, হাল নাগাদ বৈধ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত ছায়ালিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং দরপত্র ক্রয়কালীন মূল সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে।<br>২। দরপত্রের সাথে সিডিউল মোতাবেক প্রতিটি আইটেমের নমুনা দাখিল করতে হবে। | |
| ১২. | দরপত্র বিক্রয়কারী ও গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।<br>২। স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।<br>৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর। | |
| ১৩. | দরপত্র সিডিউল ক্রয়ের তারিখ | ২৩/০১/২০২২ খ্রি. তারিখ হতে ১৩/০২/২০২২ খ্রি. তারিখ (অফিস চলাকালীন) পর্যন্ত। | |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ১৪. | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ১৫/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত (সিলগালাকৃত খামে)। |
| ১৫. | দরপত্র খোলার তারিখ ও সময় | ১৭/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকা। জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে)। |
| ১৬. | বিশেষ শর্তাবলিঃ | ১। দরপত্রে স্পষ্টভাবে উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে।<br>২। দরপত্রে কোন কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না।<br>৩। দরপত্রের সাথে দাখিলকৃত জামানত ০৩ (তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করা হবে।<br>৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা ইউপি সচিবের উপস্থিতিতে প্রত্যেক গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক ও জুতার মাপ সরেজমিনে গ্রহণ করতঃ পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করতে হবে এবং পোষাকের কাপড়সহ সকল সরঞ্জামাদি উন্নতমানের হতে হবে।<br>৫। কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে কার্যাদেশ প্রদানের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করতে হবে, পরিমাপমত পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি নিজ ব্যয়ে সকল ইউনিয়ন পরিষদে পৌঁছাতে হবে এবং উক্ত মালামাল গ্রহণপূর্বক ইউনিয়ন পরিষদের সচিব/চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে দরপত্র দাতার কার্যালয়ে দাখিল সাপেক্ষে বিল নিতে হবে।<br>৬। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে ১০% পারফরমেন্স সিকিউরিটি বাবদ জেলা প্রশাসক, ফরিদপুর এর অনুকূলে জমা দেয়ার পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর "শর্ত মোতাবেক পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করা হবে" মর্মে অঙ্গীকারনামা সম্পাদন করে এ অফিসে জমা দেয়ার পর কার্যাদেশ প্রদান করা হবে।<br>৭। নির্বাচিত দরপত্র দাতা নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক মান সম্পন্ন সমুদয় মালামাল সরবরাহে ব্যর্থ হলে এবং দরপত্রের কোন শর্ত ভঙ্গ করা হলে তার কার্যাদেশ বাতিল এবং দাখিলকৃত জামানত কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।<br>৮। সরবরাহকৃত মালামালের বিল হতে সরকারি বিধি মোতাবেক আয়কর এবং ভ্যাট কর্তন করা হবে। এ বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারের বিধি বিধান প্রযোজ্য হবে। এজন্য কোন অতিরিক্ত পাওনা পরিশোধ করা হবে না।<br>৯। সরবরাহকৃত সরঞ্জামাদি যদি সিডিউল, শর্তাবলি এবং নমুনা মোতাবেক না হয় কিংবা সরঞ্জামাদিতে মাপ, সেলাই ও রংয়ের হেরফের পরিলক্ষিত হয় তবে দরপত্র দাতা তার নিজ ব্যয়ে পুনরায় উহা সরবরাহ করতে বাধ্য থাকবেন।<br>১০। দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সর্বশেষ সংশোধনকৃত) মোতাবেক পরিচালিত হবে।<br>১১। দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান দরপত্রের যে কোন শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

১৬/০১/২০২২
(অতুল সরকার)
জেলা প্রশাসক
ফরিদপুর
ফোন নং-০৬৩১-৬৩০২২
(Email:dcfaridpur@mopa.gov.bd)

স্মারক নং: ০৫.১২.২৯০০.০১০.০৭.০০১.২১-২৭(১০০)

তারিখ: ০২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩. জেলা প্রশাসক...............................(সকল), বহুল প্রচারের অনুরোধসহ।
০৪. পুলিশ সুপার, ফরিদপুর।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
০৬. মেয়র,.................................. পৌরসভা (সকল), ফরিদপুর।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
০৮. উপজেলা নির্বাহী অফিসার,...............................(সকল), ফরিদপুর।
০৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।
১০. জেলা তথ্য অফিসার, ফরিদপুর।
১১. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.........................................। আগামী .........................খ্রিঃ তারিখের মধ্যে (৩/৮ ইঞ্চির মধ্যে) একদিনের জন্য উপর্যুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

১৬/০১/২০২২
জেলা প্রশাসক
ফরিদপুর।

Scanned with CamScanner